# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**21 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) সাংবিধানিক পরম্পরা এবং ভাষিক বৈচিত্রের মাধ্যমে ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশন আজ থেকে দিশপুরে আরম্ভ

২) আজ আর্ন্তজাতিক চা দিবস । বিশ্বজুড়ে সমাদৃত আসামের চায়ের মধ্যে রাজ্যের মাটি , বৃষ্টিপাত , পরিশ্রম এবং ঐতিহ্যের সুবাস রয়েছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার মন্তব্য ।

৩) কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রী নীতিন গাডকারীর ত্রিপুরা , অরূণাচল প্রদেশ এবং সিকিমের জাতীয় সড়কগুলির গুণগত মান এবং ব্যবস্থাপনার অগ্রগতির পর্যালোচনা ।

এবং

৪) বরাক নন্দিনী সাহিত্য চর্চা কেন্দ্র শিলচর , শ্রীভূমি ও হাইলাকান্দির ব্যবস্থাপনায় আগামী রবিবার শিলচর গান্ধীভবণে রজতজয়ন্তী বার্ষিক কৃষ্ণচূড়া উৎসব ।

---------------------------------------------------------------------------------

সাংবিধানিক পরম্পরা এবং ভাষিক বৈচিত্রের মাধ্যমে ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশন আজ থেকে দিশপুরে আরম্ভ হয়েছে । আজ প্রথম দিনে অস্থায়ী অধ্যক্ষ চন্দ্র মোহন পাটোয়ারী আধ্যক্ষের আসন গ্রহণ করে বিরোধী পক্ষের ২৪ জন সহ মোট ১২৬ জন নব-নির্বাচিত বিধায়কদের শপথবাক্য পাঠ করান । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা প্রথমে শপথ গ্রহণ করেন । এরপর , মন্ত্রী রামেশ্বর তেলী , অতুল বরা এবং অজন্তা নেওয়গ শপথ গ্রহণ করেন । বিধানসভার অস্থায়ী অধ্যক্ষ বিধায়কদের ইচ্ছানুসারে নিজ নিজ মাতৃভাষায় শপথ গ্রহণ করতে পারবেন বলে অনুমতি প্রদান করেন । মন্ত্রী চরণ বড়ো বড়ো ভাষায় এবং বিশ্বজিৎ দৈমারী ও হাইলাকান্দির বিধায়ক ডক্টর মিলন দাস সংস্কৃত ভাষায় শপথ গ্রহণ করেন । শিলচর ও লক্ষিপুরের বিধায়ক ডাক্তার রাজদীপ রায় এবং কৌশিক রায় বাংলায় শপথ গ্রহণ করেন । উধারবন্দের বিধায়ক রাজদীপ

গোয়ালা হিন্দীতে শপথবাক্য পাঠ করেন । কার্বি এবং কোচ রাজবংশী জনগোষ্ঠীর বিধায়কদেরও তাদের নিজ নিজ মাতৃভাষায় শপথ গ্রহণ করার অনুমতি দেওয়া হয় ।

এরপর , শাসনাধিষ্ঠান এন ডি এ মিত্রজোটের মনোনীত প্রার্থী তথা ভবানীপুর সরভোগ আসনের বিধায়ক রঞ্জিত কুমার দাসকে বিনাপ্রতিদ্বন্দিতা ষোড়শ বিধানসভার অধ্যক্ষ হিসেবে নির্বাচিত করা হয় । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বিধানসভার অধ্যক্ষ হিসেবে সর্বসম্মতিক্রমে নির্বাচিত হওয়া রঞ্জিত কুমার দাসকে অভিনন্দন জানান । শ্রী দাসের দীর্ঘদিনের অভিজ্ঞতা ,গভীর রাজনৈতিকবোধ এবং সংসদীয় পরম্পরার জ্ঞান বিধানসভার কার্যপরিচালনায় নতুন গতি প্রদান করবে বলে মুখ্যমন্ত্রী আস্থা প্রকাশ করেন ।

( বাইট - সি এম )

উল্লেখ্য যে শ্রী দাস হচ্ছেন দ্বিতীয়বারের জন্য আসাম বিধানসভার অধ্যক্ষ হিসেবে নির্বাচিত হওয়া প্রথম বিধায়ক বিধানসভায় আগামীকাল রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য সংবিধানের ১৭৬ এর (১) অনুচ্ছেদের অধীনে ভাষণ প্রদান করবেন । এরপর রাজ্যপালের ভাষণের ওপর ধন্যবাদ সূচক প্রস্তাব উত্থাপন করা হবে । আগামী ২৫ মে রাজ্যপালের ভাষণের ওপর বিতর্ক অনুষ্ঠিত হবে । চারদিনব্যাপী আসাম বিধানসভার এই অধিবেশন আগামী ২৬ মে সমাপ্ত হবে ।

---

আজ আর্ন্তজাতিক চা দিবস । রাষ্ট্রসংঘের উদ্যোগে প্রতি বছর ২১ শে মের দিন এই দিবস পালন করা হয় । উল্লেখ্য আসামের চা শিল্প ইতিমধ্যে ২০০ বছরের যাত্রা সম্পূর্ণ করেছে । দেশের মোট চা উৎপাদনের মধ্যে আসামের অংশ হচ্ছে ৫৪ শতাংশ । রাজ্যের বিভিন্ন স্থানে আজ বেশকিছু কার্যসূচীর আয়োজন করা হয় । আর্ন্তজাতিক চা দিবস উপলক্ষ্যে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আসামের চা শিল্পকে উজ্জীবিত করা প্রত্যেক ব্যাক্তিকে অভিনন্দন জানিয়ে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । এক বার্তায় মূখ্যমন্ত্রী বলেন যে বিশ্বজুড়ে সমাদৃত আসামের চায়ের মধ্যে রাজ্যের মাটী ,বৃষ্টিপাত ,পরিশ্রম এবং ঐতিহ্যের সুবাস রয়েছে । বিশ্বের চা মানচিত্রে আসাম শক্তিশালী অংশ বলে মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । তিনি বলেন যে বরাক ও ব্রহ্মপুত্র উপত্যকার সবুজ চা বাগান ,লক্ষ লক্ষ শ্রমিকের অক্লান্ত শ্রম এবং দুই শতকের ঐতিহ্য আসামের চাকে বিশ্বজুড়ে অনন্য স্বাদ ও সম্মান দিয়েছে ।

---

বরাক চা শ্রমিক ইউনিয়ন এবং বরাকভ্যালী চা যুব কল্যাণ সমিতির উদ্যোগে আয়োজিত মুলুক চলো আন্দোলন অর্থাৎ চড়গোলা এক্সোডাস আজ চা শ্রমিক ইউনিয়ন

কার্যালয়ে যথাযোগ্য মর্যাদায় শহীদ দিবস হিসেবে পালন করা হয় । এতে মুলুক চলো আন্দোলনের বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন সাহিত্যিক তথা লোক গবেষক ড.অমলেন্দু ভট্টাচার্য ,সন্তোষ রঞ্জন চক্রবর্তী এবং চা যুব কল্যাণ সমিতির সভাপতি লালন প্রসাদ গোয়ালা ।

---

কেন্দ্রীয় সড়ক পরিবহণ মন্ত্রী নীতিন গাডকারী ত্রিপুরা , অরুণাচল প্রদেশ এবং সিকিমের জাতীয় সড়কগুলির গুণগত মান এবং ব্যবস্থাপনার অগ্রগতি পর্যালোচনা করেছেন । শ্রী গাডকারী যাত্রীদের সুবিধার্থে যোগাযোগ ব্যবস্থা সূচল করার জন্য উন্নত জাতীয় সড়ক তথা বহণক্ষমতা নিশ্চিত করতে উন্নত প্রযুক্তির ব্যবহার এবং নির্ধারিত সময়ে কাজ সম্পূর্ণ করার ওপর গুরুত্ব আরোপ করেন । একই সঙ্গে তিনি বর্ষাকালের জন্য সুরক্ষামূলক ব্যবস্থা সহ সব ধরণের প্রস্তুতি নিশ্চিত করতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ প্রদান করেন । সামাজিক মাধ্যমের এক বার্তায় কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে সংবাদ মাধ্যম এবং সামাজিক মাধ্যমে লাভ করা তথ্যের ভিত্তিতে তিনি এই জাতীয় সড়কগুলির গুণগত মান এবং ব্যবস্থাপনার অগ্রগতি পর্যালোচনা করেছেন ।

---

দুর্নীতি নিবারণ সঞ্চালকালয় উৎকোচ গ্রহণের অভিযোগে গৌহাটি রূপনগরের ভূমিলেখ্য তথা জরীপ অধিকর্তা কার্যালয়ের সহকারী সঞ্চালক লাচিত কুমার দাসকে গ্রেপ্তার করেছে । সহকারী সঞ্চালক হিসেবে কর্মরত আসাম অসামরিক সেবার এই আধিকারিক জনৈক ব্যাক্তির কাছ থেকে নগদ টাকার উৎকোচ গ্রহণের সময় দুর্ণিতী নিবারণ সঞ্চালকালয়ের দল তাকে হাতেনাতে গ্রেপ্তার করে । উল্লেখ্য যে অভিযুক্ত দাস জমি বিক্রির আগে আপত্তিবিহিন প্রমানপত্র প্রদানের নামে জনৈক ব্যাক্তির কাছ থেকে ১ লক্ষ টাকার নগদ অর্থ দাবী করেছিলেন । সরকারী কাজের জন্য এ ধরণের টাকা দাবী করার বিষয়টি নিয়ে ওই ব্যাক্তি সমগ্র বিষয়টি দুর্ণিতী নিবারণ সঞ্চালকালয়কে অবগত করার পর বিভাগ যাবতীয় ব্যবস্থা গ্রহণ করে ।

---

বরাক নন্দিনী সাহিত্য চর্চা কেন্দ্র শিলচর ,শ্রীভূমি ও হাইলাকান্দির ব্যাবস্থাপনায় আগামী ২৪ শে মে শিলচর গান্ধীভবনে রজতজয়ন্তী বার্ষিক কৃষ্ণচূড়া উৎসবের আয়োজন করা হয়েছে । এতে সকাল ১০ টায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত থাকবেন শিলচর মেডিকেল কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক ডা:গিরিধারী কর , আসাম বিশ্ববিদ্যালয়ের কলেজ উন্নয়ন কাউন্সিলের অবসরপ্রাপ্ত

সঞ্চালক ড.বিভাস দেব , লেখিকা ও সমাজকর্মী অপর্ণা দেব এবং আসাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা শাহিন আরা বেগম ।

এরপর সাহিত্য বাসরে 'এই জীবন শুধু সৃষ্টির জন্য:বুদ্ধদেব বসু ফিরে দেখা' এই শীর্ষকে আলোচনায় অংশ নেবেন আসাম বিশ্ববিদ্যালয়ের গবেষক শঙ্কুভূষণ লস্কর এবং 'অবক্ষয় থেকে উত্তরণ:অন্ধকার থেকে আলোর উৎসমূখ' এই শীর্ষকে আলোচনায় অংশ নেবেন আসাম বিশ্ববিদ্যালয়ের গবেষক সুরজিৎ প্রামানিক । সাহিত্য বাসর পরিচালনা করবেন আসাম বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ড.দূর্বা দেব ।

সন্ধ্যা ৬ টা থেকে রয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠান । এতে জসীমুদ্দিনের গান পরিবেশন করবেন অতিথি শিল্পী দেবপ্রিয় নাগ এবং শিলচর সঙ্গীত বিদ্যালয়ের পরিবেশনায় থাকবে রবীন্দ্রনাথ ঠাকুরের চন্ডালিকা নৃত্যনাট্যের নির্বাচিত অংশ ।

এছাড়া বরাক নন্দিনী সাহিত্য চর্চা কেন্দ্রের সদস্যদের পরিবেশনায় থাকবে নাচ ,গান,কবিতা ও গীতিআলেখ্য ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা কংগ্রেসের উদ্যোগে আজ প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত রাজীব গান্ধীর ৩৫ তম মৃত্যুবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে । শ্রীভূমি শহরের ইন্দিরা ভবনে জেলা কংগ্রেস সভাপতি তাপস পুরকায়স্থের পৌরহিত্যে অনুষ্ঠিত স্মরণ সভায় দলের নেতা ও কর্মীরা রাজীব গান্ধীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান । এরপর সভায় প্রয়াতের রাজনৈতিক জীবন ,দেশের উন্নয়নে অবদান এবং জাতীয় ঐক্য ও আধুনিক ভারত নির্মাণে তাঁর ভুমিকা নিয়ে আলোচনা করা হয় ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আসন্ন ঈদ-উজ আজহা উৎসব শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে আজ জেলা আয়ুক্তের কার্যলয়ের সম্মেলন কক্ষে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । অতিরিক্ত আয়ুক্ত মারিয়া তানিমের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় কোরবানী কোন প্রকাশ্য স্থানে না করার আহ্বান জানানো হয়েছে । পাশাপাশি কোরবানীর বর্জ্য ভালোভাবে মাটিতে পুতে ফেলতে এবং কোরবানীর মাংস পরিবহন না করে , ঔই স্থানেই নিজেদের মধ্যে বিতরন করতে আহ্বান জানানো হয়েছে । এছাড়া কোরবানীর দৃশ্য সামাজিক মাধ্যমে পোষ্ট না করতে আহ্বান জানানো হয়েছে । ঈদ উজ আজহা শান্তিপূর্নভাবে পালন করতে শ্রীভূমি জেলায় ২৪ ঘন্টা কার্যকর থাকা একটি কন্ট্রল রুম খোলা হয়েছে যার নম্বর হচ্ছে -৮০৯৯৬৬২২৭৫ । সভায় জেলার বিভিন্ন মসজিদ ও ঈদগাহ কমিটির কর্মকর্তা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার অতিরিক্ত জেলা আয়ুক্ত আলমগীর লস্কর জেলার বিভিন্ন বাজারে নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর মূল্যবৃদ্ধি , কালোবাজারি এবং দ্রব্যমূল্যের কৃত্রিম সঙ্কট রোধে সরজমিনে পরিদর্শন শুরু করেছেন । এর অংশ হিসেবে আজ তিনি শ্রীভূমি শহরের বাজারে ব্যবসায়ীদের সঙ্গে কথা বলেন এবং বাজার পরিস্থিতির খোজখবর নেন । আজ পরিদর্শনকালে তিনি বিভিন্ন দোকানে গিয়ে নিত্যপ্রয়োজনীয় পন্যসামগ্রীর মূল্য , মজুদ পরিস্থিতি এবং বিক্রয় প্রক্রিয়া খতিয়ে দেখেন । অতিরিক্ত জেলা আয়ুক্ত ব্যবসায়ীদের উদ্দেশ্যে স্পষ্ট জানিয়েছেন যে সাধারণ মানুষের অসুবিধা সৃষ্টি করে কোনভাবেই কৃত্রিম সঙ্কট তৈরী বা অতিরিক্ত দামে সামগ্রী বিক্রি করা বরদাস্ত করা হবে না ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ গোপন সুত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে লক্ষীরবন্দ বাইপাসে অভিযান চালিয়ে বিপুল পরিমানে অবৈধ সুরা বাজেয়াপ্ত করেছে । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে মেঘালয় থেকে মিজোরামে সরবরাহ করার জন্য ট্রাকের গোপন চেম্বারে করে এই সুরা নিয়ে যাওয়া হচ্ছিল । যার বাজার মূল্য প্রায় ৫০ লক্ষ টাকা হবে । পুলিশ ট্রাক চালক জাকির হোসেন চৌধুরীকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---------------------------------------------------------------------------------

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আরসেটি কাছাড়ের উদ্যোগে কাছাড় ও হাইলাকান্দি জেলার ৩৩ জন মাইক্র এন্টার প্রেনারকে নিয়ে ১৩ দিনের আবাসিক প্রশিক্ষন কর্মশালা গতকাল শিলচরে শেষ হয়েছে । সমাপ্তি অনুষ্ঠানে সংযোজক শাহেদ চৌধুরী সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা প্রশিক্ষার্থীদের শংসা পত্র প্রদান করেন ।

---------------------------------------------------------------------------------